যুগান্তর

তারিখ ... 16 MAY 2015
পৃ: ১৮ ... কলা: ৪

# কলমাকান্দায় ১৩৮ শিক্ষকের পদ শূন্য

নেত্রকোনা প্রতিনিধি

নেত্রকোনার কলমাকান্দা উপজেলার ১৫৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১৩৮ জন শিক্ষকের পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। এর মধ্যে ৪৮টি বিদ্যালয়ে প্রায় ৭ বছর ধরে প্রধান শিক্ষক এবং ৯০ জন সহকারী শিক্ষক নেই। এ ব্যাপারে সংশ্লিষ্ট প্রশাসন কোনো কার্যকরী পদক্ষেপ গ্রহণ না করায় উপজেলায় প্রাথমিক শিক্ষার পরিবেশ বিঘ্নিত হচ্ছে। ব্যাহত হচ্ছে মানসম্মত পাঠদান। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, সীমান্তবর্তী কলমাকান্দা উপজেলার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দীর্ঘদিন ধরে ৪৮ জন প্রধান শিক্ষক ও ৯০ জন সহকারী শিক্ষকের পদশূন্য রয়েছে। এসব বিদ্যালয়ে শূন্য পদ পূরণে কোনো কার্যকর পদক্ষেপ নেয়া হচ্ছে না। উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. মোজাম্মেল হক বলেন, এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ৪ মে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট চিঠি প্রেরণ করা হয়েছে। স্থানীয় এমপি ছবি বিশ্বাস বলেন, উপজেলার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৪৮ জন প্রধান শিক্ষক ও ৯০ জন সহকারী শিক্ষকের পদশূন্য থাকার বিষয়টি হতাশাজনক। দ্রুত সময়ে শূন্য পদগুলো পূরণের ব্যাপারে আমি চেষ্টা চালিয়ে যাচ্ছি।